রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে দুই খুতবাহ দিতেন। আর তিনি উভয় খুতবার মাঝখানে বসার মাধ্যমে ব্যবধান করতেন।

‘আবদুল্লাহ্ ইবন ‘উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত: তিনি বলেন,
“নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই খুতবাহ দিতেন আর দুই খুতবাহর মধ্যখানে বসতেন”। জাবের রাদিয়াল্লাহু আনহু অপর একটি বর্ণনায় বর্ণিত, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে দুই খুতবাহ দিতেন। আর তিনি উভয় খুতবার
মাঝখানে বসার মাধ্যমে ব্যবধান করতেন”। [উভয় বর্ণনাসহ সহীহ] [এটি বাইহাকী বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

শহরের সব অধিবাসীর জন্য জুমু‘আর দিন একটি বড় ধরনের মিলন মেলা। এ কারণেই রাসূলের হিকমত হলো সে মানুষকে দুটি খুতবাহ প্রদান করতেন। উভয় খুতবায় তাদের কল্যাণের দিক নির্দেশনা দেন এবং খারাবী থেকে সতর্ক করেন। উভয় খুতবা মিম্বারের উপর দাঁড়িয়ে দিতেন যাতে শ্রোতাদের শিক্ষা দেওয়া ও নসিহত করা গুরুত্ব সহকারে হয়। এ ছাড়াও দাঁড়ানোর মধ্যে রয়েছে ইসলামের শক্তি ও সৌর্ন্দয্য। প্রথম খুতবাহ শেষ করা পর বিশ্রামের জন্য সংক্ষিপ্ত সময় বসেতেন। ফলে দুটির মাঝে প্রার্থক্য হতো। অতঃপর দ্বিতীয় খুতবা প্রদান করতেন যাতে খতীব ক্লান্ত এবং শ্রোতা বিরক্ত না হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/5399